

২০১৯ সালে অনুষ্ঠিত বিভিন্ন মেলায় বিএডিসি প্রাপ্ত প্রথম পুরস্কারসমূহ মাননীয় কৃষি মন্ত্রীর নিকট হস্তান্তর



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) ২০১৯ সালে অনুষ্ঠিত বিভিন্ন মেলায় প্রাপ্ত প্রথম পুরস্কারসমূহ মাননীয় কৃষি মন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি এর নিকট হস্তান্তর করেন বিএডিসি'র চেয়ারম্যান জনাব মোঃ সায়েদুল ইসলাম।

আজ ২৮ জুলাই ২০১৯ কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে প্রকল্প এবং রাজস্ব বাজেটভুক্ত কর্ম সূচিসমূহের জুন ২০১৯ পর্যন্ত সময়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভায় এ পুরস্কারসমূহ হস্তান্তর করা হয়। কৃষি মন্ত্রণালয় আয়োজিত জাতীয় সবজি মেলা ২০১৯, জাতীয় কৃষি যন্ত্রপাতি মেলা ২০১৯, জাতীয় বীজ মেলা ২০১৯ ও জাতীয় বৃক্ষ মেলা ২০১৯ এ বিএডিসি প্রথম পুরস্কার অর্জন করে।

প্রতিপাদ্যভিত্তিক স্টলের যথার্থ ত্য আকর্ষণীয় সাজসজ্জা প্রদর্শিত দ্রব্যের মান প্রদর্শিত প্রযুক্তির মান ও সংখ্যা, স্টল উপস্থাপনের কৌশল, স্টল কর্তৃক প্রদত্ত সেবা ও মান, দর্শকগণের আগ্রহ ও মনোভাব, প্রদর্শকের উপস্থিতি ও দায়িত্বশীলতা প্রভৃতি মূল্যায়নের মাধ্যমে মেলায় অংশগ্রহণকারী স্টলগুলোকে পুরস্কার প্রদান করা হয়।

পুরস্কার হস্তান্তরকালে কৃষি সচিব জনাব মোঃ নাসিরুজ্জামান, কৃষি মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ কৃষি মন্ত্রণালয়ের অধীন সংস্থা প্রধানগণ, পরিকল্পনা কমিশন ও আইএমইডি এর প্রতিনিধি এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ উপস্থিত ছিলেন।